"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.২৩.০১৩.১৭ -৯১৮ তারিখঃ ১০ এপ্রিল , ২০১৮খ্রিঃ।

বিষয় : বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদযাপন প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-২০৫, তারিখ : ০৯ এপ্রিল, ২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকে বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদযাপনের কর্মসূচি প্রনয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসংগে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক।

১০/০৪/১৮
(মো: অহিদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (পিআইডব্লিউ)

বিতরণ :

১-৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ ।

৫-৫৪ । অধ্যক্ষ, ......সকল...... পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট, ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।

৫৫-১১৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ......সকল......

১১৯-১২২ । আঞ্চলিক পরিদর্শক, আঞ্চলিক পরিদর্শকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

অনুলিপিঃ

১-৫ । পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৬ । জনাব সুভাষ চন্দ্র সরকার, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, জনস্বাস্থ্য-২।

৭ । সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ শিক্ষা মন্ত্রণালয়।

৮ । ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৯ । প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর,আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

১০ । মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১ । নথি।

A-D-P.I.W
10/04/18

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
(সমন্বয় শাখা)
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭-২০৫

তারিখ: ২৬ চৈত্র ১৪২৪ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদ্‌যাপন**
**সূত্র: সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১২৪.২৩.০৫৩.১৮-২৩১, তারিখ: ০১ এপ্রিল, ২০১৮ খ্রি:।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদ্‌যাপনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গত ২৫ মার্চ ২০১৮ তারিখে মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে এক আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয় (কপি সংযুক্ত):

| তারিখ ও সময় | কর্মসূচি | মন্তব্য |
|---|---|---|
| ০১/০১/১৪২৫ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদ্‌যাপন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে উদ্‌যাপন | |

এমতাবস্থায়, বর্ণিত কর্মসূচি অনুসরণে নির্ধারিত সময়ে উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর অধিক্ষেত্রাধীন কারিগরি ও মাদ্রাসা স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

(মো: ফারুক হোসেন)
সহকারী সচিব (সমন্বয়)
ফোনঃ ৯৫৭৫৮০৭
dstmed17@gmail.com

বিতরণ সদয় কার্যার্থে:
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬) যুগ্মসচিব (প্রশাসন-২),এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**(www.moca.gov.bd)**

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.০৫৩.১৮.২৬১

১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

বিষয় : বাংলা নববর্ষ (০১ বৈশাখ) ১৪২৫ উদ্‌যাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপন উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর, এমপি'র সভাপতিত্বে গত ২৫ মার্চ ২০১৮ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় গৃহীত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ (কার্যবিবরণী সংযুক্ত) বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী এক প্রস্থ।

টি এম মুছা তালুকদার
সহকারী সচিব
ফোন- ৯৫৪৬০৫৫

সচিব
মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়।

**সদয় অবগতির জন্য অনুলিপি :**

১। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

**বাংলা নববর্ষ ১৪২৫ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আসাদুজ্জামান নূর, এমপি
মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৫ মার্চ ২০১৮, বিকাল ৩.০০টা
সভার স্থান : বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার হল
সভায় উপস্থিত কর্মকর্তা ও সুধীবৃন্দের তালিকা সংযুক্তি- ১ এ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন, পহেলা বৈশাখ বাংলা নববর্ষ পালন বাঙালি সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। আবহমান কাল ধরে বাঙালি অধ্যুষিত জনপদে সার্বজনীন ও অসাম্প্রদায়িক এ উৎসবটি পালিত হয়ে আসছে। ১৪১৭ বঙ্গাব্দ থেকে বাংলা নববর্ষ জাতীয়ভাবে উদযাপন করা হয়ে আসছে। এটা অত্যন্ত আনন্দের বিষয় যে, বাংলা নতুন বছরকে বরণ করে নেয়ার উৎসবের নানা আয়োজনের মধ্যে বাংলাদেশের 'মঙ্গল শোভাযাত্রা' মানবসভ্যতার প্রতিনিধিত্বশীল সংস্কৃতি হিসেবে আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করেছে। বাঙালির ঐক্য, শান্তি ও অসাম্প্রদায়িক চেতনাকে ধারণ করে মঙ্গল শোভাযাত্রা আজ সার্বজনীন স্বীকৃত একটি উৎসব। জাতিসংঘের অঙ্গসংস্থা ইউনেস্কো 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করেছে। ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি প্রদান করায় বিশ্বব্যাপী এ উৎসবের প্রসারের মাধ্যমে বাংলাদেশের অসাম্প্রদায়িক চেতনার পরিচিতি আরও দৃঢ় করবে।

০২। এ পর্যায়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ বলেন যে, অশুভ শক্তি আর বিভেদ সৃষ্টির বিরুদ্ধে আজ শান্তি ও সম্প্রীতিকামী বাংলাদেশের সর্বস্তরের মানুষের ঐক্যের প্রতীক হয়ে উঠেছে 'মঙ্গল শোভাযাত্রা'। এ পর্যায়ে তিনি বাংলা নববর্ষ উপলক্ষে খসড়া কর্মসূচি সভায় উপস্থাপনের জন্য উপসচিব (অনুষ্ঠান) বেগম ছানিয়া আক্তার'কে অনুরোধ জানান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব (অনুষ্ঠান) বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপন উপলক্ষে প্রণীত খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনার পর জাতীয়ভাবে বাংলা নববর্ষ ১৪২৫ উদ্‌যাপনের নিমিত্ত নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১। | ০১-০১-১৪২৫<br>১৪-০৪-২০১৮ | মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাণী প্রদান | মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয় |
| ২। | ০১-০১-১৪২৫ | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বাণী প্রদান | মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব, তথ্য মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| ৩। | ০১-০১-১৪২৫ | বিভিন্ন জাতীয় পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলা একাডেমি |
| ৪। | ০১-০১-১৪২৫ | বিভাগীয় শহর, জেলা শহর ও সকল উপজেলায় বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনসহ সম্ভাব্য ক্ষেত্রে আলোচনাসভা ও গ্রামীণ মেলার আয়োজন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্বারোপ করে প্রতিটি জেলা/উপজেলায় পহেলা বৈশাখে মঙ্গল শোভাযাত্রা আয়োজন। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা শিল্পকলা একাডেমি ও সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষ |
| ৫। | ০১-০১-১৪২৫<br>থেকে<br>০৩-০১-১৪২৫ | বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক ৩ (তিন) দিনব্যাপী বাংলা নববর্ষের অনুষ্ঠানমালার আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৬। | ০১-০১-১৪২৫ | বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক বাংলা নববর্ষের অনুষ্ঠানমালার আয়োজন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং শিশু একাডেমি |
| ৭। | ০১-০১-১৪২৫ | বাংলা একাডেমি ও বিসিক কর্তৃক বাংলা নববর্ষের মেলা, আলোচনা সভা ও অনুষ্ঠানমালার আয়োজন। সম্ভাব্য ক্ষেত্রে বিভাগীয় পর্যায়ে বিসিক কর্তৃক মেলার আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বাংলা একাডেমি ও বিসিক |
| ৮। | ০১-০১-১৪২৫ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গনে ঐতিহ্যবাহী বৈশাখী মেলার আয়োজন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| ৯। | ০১-০১-১৪২৫ | সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালী খাবারের ব্যবস্থা গ্রহণ। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী বাঙালি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন, কারাবন্দিদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন এবং কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনীর ব্যবস্থা করা। | সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১০। | ০১-০১-১৪২৫ | নববর্ষের অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি ও রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াসমূহ কর্তৃক স্ব-উদ্যোগে বাংলা নববর্ষের উপর বিশেষ অনুষ্ঠানমালা/সম্পাদকীয়/নিবন্ধ ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে। প্রয়োজনে এক সপ্তাহ পূর্ব থেকে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার, বেসরকারি টিভি চ্যানেল এবং প্রিন্ট মিডিয়া বাংলা নববর্ষের প্রচারণা শুরুর ব্যবস্থা করবে। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে প্রচার করতে হবে। | তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল ও বেতার (সকল) |
| ১১। | ০১-০১-১৪২৫ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও যথাযথ আড়ম্বরে বাংলা নববর্ষ উদযাপন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে উদ্‌যাপন। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ১২। | ০১-০১-১৪২৫ | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন। ইউনেস্কো কর্তৃক 'মঙ্গল শোভাযাত্রা'কে বিশ্বের গুরুত্বপূর্ণ 'Intangible Cultural Heritage'-এর তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়টিকে গুরুত্ব সহকারে প্রচার করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১৩। | ০১-০১-১৪২৫ | বাংলা নববর্ষ ১৪২৫ উদযাপনকালে আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষ কর্তৃক সারাদেশে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | সেবা ও সুরক্ষা বিভাগ/জননিরাপত্তা বিভাগ/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ/র‍্যাব/পুলিশ সুপার (সকল) |
| ১৪। | ০১-০১-১৪২৫ | সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখা (শিশুকিশোর ও ছাত্রছাত্রীদের বিনা টিকেটে প্রবেশের সুযোগ)। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| ১৫। | ০১-০১-১৪২৫ | অভিজাত হোটেল ও ক্লাবে বাংলা নববর্ষ উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাঙালি খাবারের আয়োজন। | বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয় |
| ১৬। | ০১-০১-১৪২৫ | ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিতকরণ। | সেবা ও সুরক্ষা বিভাগ/জননিরাপত্তা বিভাগ/ ঢাকা বিশ্ববিদ্যালয়/ ঢাকা মেট্রোপলিটান পুলিশ/ র‍্যাব |
| ১৭। | ০১-০১-১৪২৫ | ছায়ানট কর্তৃক রমনা বটমূলে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান গণমাধ্যমে সরাসরি সম্প্রচার। | বাংলাদেশ টেলিভিশন (বেসরকারি চ্যানেলসমূহ বিটিভির মাধ্যমে অনুষ্ঠান সম্প্রচার করবে) বাংলাদেশ বেতার |
| ১৮। | ০১-০১-১৪২৫ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/ একাডেমিসমূহ তাঁদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান আয়োজন। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি/কক্সবাজার/বান্দরবান/খাগড়াছড়ি, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি/রাজশাহী, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভীবাজার |
| ১৯। | ০১-০১-১৪২৫ | বাংলা নববর্ষ উপলক্ষে আলোচনাসভা, প্রদর্শনী, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও অনুষ্ঠানমালার আয়োজন। | গণগ্রন্থাগার অধিদপ্তর জাতীয় আরকাইভস ও জাতীয় গ্রন্থাগার অধিদপ্তর, নজরুল ইন্সটিটিউট, জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ২০। | ০১-০১-১৪২৫ | জেলা-উপজেলা পর্যায়ে গৃহীত বাংলা নববর্ষ, ১৪২৫-এর অনুষ্ঠানসূচি স্থানীয় আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করা। আইন-শৃঙ্খলা বাহিনী অনুষ্ঠানের নিরাপত্তা নিশ্চিত করবে। | সকল জেলা প্রশাসক/ সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা/ সকল পুলিশ সুপার |
| ২১। | | বাংলা নববর্ষ উদযাপনের জন্য বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে অর্থ বরাদ্দ প্রদান। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

০৩। সভায় কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত ছাড়াও নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক) উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে বাংলা নববর্ষ ১৪২৫ যথাযথভাবে উদযাপনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা জারী করা।

খ) দেশের সকল স্কুল, কলেজ ও মাদ্রাসায় বাংলা নববর্ষ ১৪২৫ যথাযথভাবে উদযাপনের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় নির্দেশনা জারী করা।